দৈনিক বাংলা ৪
তারিখ ... 26 SEP 1988 ...
পৃষ্ঠা... ২ ... কলাম ... ১ ...

ঢাকা ভার্সিটি সিন্ডিকেটের দাবী

# শিক্ষকদের সম্পর্কে অভিন্ন অভিযোগ তদন্ত করুন

(বিশ্ববিদ্যালয় রিপোর্টার)

ঢাকা বিশ্ববিদ্যালয়ের কয়েকজন সিনিয়র অধ্যাপক ছাত্রদল নেতা অভিকে ব্যবহার করেছেন বলে যে কথা উঠেছে, ঢাকা বিশ্ববিদ্যালয় সিন্ডিকেট সে বিষয়ে তদন্ত করে দোষীদের সনাক্ত করার দাবী জানিয়েছে।

সোমবার ভাইস চ্যান্সেলর প্রফেসর আবদুল মান্নানের সভাপতিত্বে অনুষ্ঠিত বিশ্ববিদ্যালয় সিন্ডিকেটের এক সভায় এ দাবী জানানো হয়।

সভায় বলা হয়, অধ্যাপকদের মধ্যে সন্ত্রাসে সাহায্যকারী ব্যক্তির উপস্থিতি বিশ্ববিদ্যালয়ের জন্য অত্যন্ত গ্লানিকর। তাই এ বিষয়ে উচ্চ পর্যায়ের তদন্ত করে এর যথার্থতা যাচাই করা হোক এবং আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হোক।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর প্রফেসর আবদুল মান্নান বলেছেন, বিশ্ববিদ্যালয়ে যারা সন্ত্রাস চায় তারাই কেবল

(৩-এর পৃঃ দ্রঃ)

## তদন্ত করুন

(প্রথম পৃঃ পর)

পুলিশকে ভয় পায়।

তিনি দুঃখ প্রকাশ করে বলেন, গোলাগুলি হলে, বা গুলি খেয়ে মানুষ মারা গেলে বিশ্ববিদ্যালয়ের পবিত্রতা নষ্ট হয় না, অথচ আইন-শৃংখলা ও শান্তি রক্ষার স্বার্থে এ দেশেরই সন্তান পুলিশ কর্মীরা পাহারায় থাকলে কি করে পবিত্রতা নষ্ট হয়?

প্রফেসর মান্নান গতকাল বিশ্ববিদ্যালয়ের ইতিহাস বিভাগ এবং গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের নবাগত ছাত্র-ছাত্রীদের পরিচিতি কর্মসূচী অনুষ্ঠানে ভাষণ দিচ্ছিলেন। টিএসসিতে অনুষ্ঠিত এ অনুষ্ঠানে সভানেতৃত্ব করেন ছাত্র নির্দেশনা ও পরামর্শদান দফতরের ভারপ্রাপ্ত পরিচালিকা মিসেস মেহেরুন্নেসা চৌধুরী।